

## বিষয়ঃ ইনোভেশন টিম “সংক্রান্ত সভার কার্যবিবরণী।”

চিফ ইনোভেশন অফিসার	:	জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ)
সভার তারিখ ও সময়	:	২৮-১১-২০১৮খ্রিঃ বেলাঃ ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	কনফারেন্স রুম
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে চিফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।


০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ১৪-১১-২০১৮খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। এ বিষয়ে সদস্য-সচিব সভায় বিএসসির ইনোভেশন প্রকল্পের আওতায় গৃহীত ২য় প্রকল্পটির অগ্রগতির বিষয়টি সভায় উত্থাপন করেন। গত সভার সিদ্ধান্তের আলোকে ২য় প্রকল্প “জাহাজ স্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ” প্রকল্পটি নিয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং এর আলোকে প্রকল্পটি সংশোধনের প্রস্তাব করা হয়। অনতিবিলম্বে প্রকল্পটি সংশোধন করতঃ নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। এ বিষয়ে প্রকল্পটি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রকল্প বাস্তবায়নকারী মহাব্যবস্থাপক (জাঃমেঃ)-কে ও প্রকল্প বাস্তবায়নে সহযোগী সঃমঃব্যঃ (অপারেশন) ও ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে পরামর্শ প্রদান করা হয়।

০৪। এছাড়া “বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ” প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোকপাত করা হয়। এ বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ) জানান যে, প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথারীতি চলমান আছে এবং প্রকল্পটি সংশ্লিষ্ট সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে।

০৫। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিএসসি’র ইনোভেশন টিমের সহযোগীতায় যথাযথভাবে ইনোভেশন কার্যক্রম গ্রহণ করেছে মর্মে ও সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ক্যাবিনেট ডিভিশন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য সকলের সহযোগীতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় চিফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ হাবিবুর রহমান)  
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

চিফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং “জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ

০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।

০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।